

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
তথ্য ও অভিযোগ শাখা

...

সভাপতি নুমেরী জামান
জেলা প্রশাসক
সভার তারিখ ১৫ জুলাই ২০১৮ খ্রি:
সভার সময় বিকাল ৩.৩০ ঘটিকা।
স্থান জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনজিও শাখা বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সীদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	জনাব মোহন লাল দাশ, প্রোগ্রাম অফিসার, মেরী স্টোপস বাংলাদেশ জানান, মেরী স্টোপস বাংলাদেশ সিলেট ক্লিনিক গত মাসে ৩০ জন মহিলা ও ৪ জন পুরুষকে পরিবার পরিকল্পনার স্থায়ী পদ্ধতি সেবা, ১৬ জনকে আই ইউডি, ১০৬ জনকে নিরাপদ ডেলিভারীসহ ১৯৩ জন শিশুকে EPI টিকা দেয়া হয়। এছাড়াও ৩৩ জন মহিলাকে জারায়ুমুখ ক্যাপার প্রতিরোধে ভ্যাকসিন, ২৩ জনকে হেপাটাইটিস বি টিকা প্রদানসহ মোট ১০৬২ জন পুরুষ মহিলাকে সেবা প্রদান করা হয়।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেরী স্টোপস বাংলাদেশ
০২	জনাব শাহ সাহেদা আখতার, বিভাগীয় সমন্বয়ক, বেলা জানান, নদী রক্ষা কমিশনের চেয়ারম্যানের সাথে যৌথভাবে জাফলং এর সার্বিক অবস্থা ফলোআপ পরিদর্শন করা হয়েছে। এছাড়াও সদর উপজেলার ধুপাগুল স্টোন ক্রাশার মেশিন পরিচালনার বিষয়টি পরিদর্শন করা হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	বেলা
০৩	জনাব সাহিদা সুলতানা, জেলা সমন্বয়কারী, ব্লাস্ট বলেন, বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প বিগত মাসে ওয়ার্ড ও গ্রাম ভিত্তিক ৪৩৬ টি উঠান বৈঠক, ৩৮৪ টি কাউন্সিলিং, ইউনিয়ন পর্যায়ে ২৩ টি গ্রাম আদালত বিষয়ক ভিডিওশো এবং উপজেলা পর্যায়ে নির্বাচিত নারীদের নিয়ে ২টি কর্মশালা অনুষ্ঠিত হয়। এছাড়াও ৫০ টি ইউনিয়নের ৩৯৭ জন গ্রাম পুলিশকে মোট ৩১৬০০ টাকা ভাতা প্রদান করা হয় এবং জেলা পর্যায়ে ১টি করে গণমাধ্যম কর্মী কর্মশালা ও সরকারী বেসরকারী আউটরিচ কর্মশালা অনুষ্ঠিত হয়।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ব্লাস্ট
০৪	জনাব কায়ছারুল হক চৌধুরী, প্রজেক্ট কো অর্ডিনেটর, যমযম বাংলাদেশ জানান, গত মাসে ২৭০০ জন বস্তিবাসী সুবিধাবঞ্চিত শিশুকে প্রাক প্রাথমিক শিক্ষা প্রদান করা হয়। এসব শিশু এবং তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা হয়। এছাড়াও ৫০ জন বস্তির এতিম শিশুকে শিক্ষাভাতা প্রদান, টিউশনের ব্যবস্থাগ্রহণ ও স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	যমযম বাংলাদেশ
০৫	জনাব মো: মোস্তাফিজ রহমান, সদস্য, আরজাদ আলী স্মৃতি কল্যাণ পাঠাগার জানান, আরজাদ আলী স্মৃতি কল্যাণ পাঠাগার এর উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস, বিশ্ব জনসংখ্যা দিবস ও ভিটামিন এ ক্যাম্পেইন দিবস পালন করা হয়েছে। এসব দিবসে পরিবেশ রক্ষণাবেক্ষণ, পরিবেশ দূষণ ও প্রতিকার, জনসংখ্যা বৃদ্ধি, ছোট পরিবারের সুফলসহ জনসচেতনতামূলক আলোচনা হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	আরজাদ আলী স্মৃতি কল্যাণ পাঠাগার

০৬	জনাব বাবুল কুমার সিনহা, প্রোগ্রাম অফিসার, আর.ডব্লিউ.ডি.ও বলেন, RWDO সংস্থা নিজ উদ্যোগে ও Human Relief Foundation এর যৌথ উদ্যোগে মালনিছড়া ও লাক্ষাতুরা চা বাগানে ২টি ব্রাক প্রাথমিক শিক্ষা কমসূচী চলমান রয়েছে। এছাড়া জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সহযোগিতায় সিলেট সিটি কর্পোরেশনের ২২নং ওয়ার্ড থেকে ২৭নং ওয়ার্ড পর্যন্ত ৬টি ওয়ার্ড এ- “কর্মজীবী ল্যাকটেটিং মাদার কর্মসূচী” ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	RWDO
০৭	জনাব প্রনয় সিংহ, ফিন্যান্স এন্ড এডমিন অফিসার, একডো জানান, গত মাসে একডো এর PEMTIC প্রকল্পের উদ্যোগে মনিপুর ল্যাংগুয়েজ সেন্টারের শিক্ষকদের নিয়ে ৫ দিনের TOT প্রশিক্ষণ সম্পন্ন হয়।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	একডো
০৮	জনাব বিভাষ চন্দ্র তরফদার, প্রতিনিধি, ব্র্যাক, সিলেট জানান, জুলাই ২০১৮ মাসে ব্র্যাক এর উদ্যোগে ২৩০ জনের মধ্যে বিভিন্ন ট্রেড এ প্রশিক্ষণ প্রদান(চলমান), ২৮৭৫ জনকে স্যানিটেশন সম্পর্কে সচেতনতা, ৩১৯৮৬ জনকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান, ৪৯ জন গর্ভবতী মাকে ব্র্যাক ডেলিভারী সেন্টারে নিরাপদে ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও ৩৪৭২ জন মাকে পুষ্টি বিষয়ে সচেতনতা প্রদান, ২৯ জনকে বিনামূল্যে আইনী সহায়তা প্রদান, ৪৭১০ জনকে সামাজিক অধিকার সম্পর্কে সচেতনতা প্রদান, ২৫ জনকে ব্যবসায়ের জন্য মূলধন প্রদান এবং বিদেশ ফেরত ৫৪ জনকে সেবা প্রদান করা হয়েছে বলে তিনি সভাকে জানান।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ব্র্যাক
০৯	জনাব সৈয়দ ছালিম হোসাইন, এডমিন অফিসার, এওয়ার্ড বলেন, কোম্পানীগঞ্জ উপজেলায় ২টি ইউনিট অফিসের মাধ্যমে ২৯টি তৃণমূল সংগঠনের ১১০০ সদস্যদের নিয়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে। সংস্থার নিজস্ব ও ব্র্যাক অর্থায়নে কোম্পানীগঞ্জ উপজেলায় প্রায় ৩৫টি স্কুল পরিচালিত হচ্ছে। এছাড়া সবজি চাষীদের স্থানীয়ভাবে বর্ষাকালীন সবজি চাষের উপরে অরিয়েন্টেশন প্রদান করা হয় মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	এওয়ার্ড
১০	জনাব মোঃ ফারুক আহমদ, ডিরেক্টর প্রোগ্রাম, জেহিস বলেন, গোয়াইনঘাট উপজেলায় মৌলিক স্বাক্ষরতা প্রকল্প চলমান রয়েছে। এছাড়া ১৮০০০ শিক্ষার্থী, ৬০০ শিক্ষক-শিক্ষিকা, ১৫ জন সুপারভাইজার নিয়োগ সম্পন্ন হয়েছে এবং কেন্দ্র নির্বাচন প্রক্রিয়াধীন রয়েছে। কানাইঘাট ও জৈন্তাপুর উপজেলায় সঞ্চয় আদায়ের পাশাপাশি জীবন ও দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ চলমান রয়েছে মর্মে তিনি সভাকে জানান।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেহিস
১১	জনাব ফিলিপ সমদ্দার, সহকারী ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ-আলোর ধারা, সিলেট বলেন, কর্মএলাকার খানা পরিদর্শন ৮৯টি, কেন্দ্রে কিশোর-কিশোরীদের আগমন ১৪৮ জন, নতুন কিশোর-কিশোরী ভর্তি ১৩জন, কেন্দ্রে পরামর্শ সেবা প্রদান করা হয় ৩১জনকে, চিকিৎসা সেবা দেওয়া হয় ৩২জনকে, কম্পিউটার ক্লাসে ৭জন কিশোরীকে ভর্তি করা হয় ও লাইব্রেরীতে বই পড়তে কিশোর-কিশোরীদের আগমন ৬ জন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	আরএইচস্টেপ-আলোর ধারা
১২	জনাব মশিউর রহমান, প্রশিক্ষণ সমন্বয়কারী, সুইসকন্টাক্ট জানান, জুলাই ২০১৮ তারিখে ইলেক্ট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেন্যান্স ২৩জন প্রশিক্ষার্থীর প্রশিক্ষণ শেষে মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করা হয়েছে। এছাড়া বাংলাদেশ কারিগরি প্রশিক্ষণ ও উন্নয়ন কেন্দ্র, পাঠানটুলা, সিলেট এ ৩ মাস ব্যাপী এবং ইউসেপ টেকনিক্যাল স্কুল, বটেশ্বর, সিলেট-এ ৪ মাস ব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সুইসকন্টাক্ট
১৩	জনাব মোঃ শাহীন, প্রকল্প অফিসার, সিএসআইডি, সিলেট বলেন, প্রতিবন্ধী শিশুদের ও তাদের অভিভাবকদের রেজিলিয়েন্স প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া কেস ম্যানেজমেন্ট প্রক্রিয়ার মাধ্যমে এইচ আইডি ও প্রতিবন্ধী শিশুদের চিকিৎসা সেবা প্রদান ও সহযোগিতা প্রদান করা হয়েছে মর্মে তিনি সভাকে জানান।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিএসআইডি
১৪	জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, রিজিওনাল ম্যানেজার, ইউসেপ বাংলাদেশ বলেন, সিলেট সদর উপজেলায় ২টি স্কুলে সাধারণ কার্যক্রম এবং ১টি টেকনিক্যাল স্কুলে কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া সিলেট সদর উপজেলায় বিভিন্ন কমিউনিটিতে কারিগরি শিক্ষায় গুরুত্ব ও প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা সভা, ৩টি শিশু পরিষদ সভা, ৩টি সহ-শিক্ষা কার্যক্রম এবং ২টি প্রোগ্রাম শেয়ারিং মিটিং হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউসেপ বাংলাদেশ

১৫	জনাব মোঃ আজ্জির হোসেন, সহকারী প্রজেক্ট অফিসার, ইসলামিক রিলিফ বাংলাদেশ বলেন, কোম্পানীগঞ্জ উপজেলার ৫টি ইউনিয়নে wash project এর আওতায় ২০০টি STW, ২০০টি স্বাস্থ্যসম্মত পায়খানা স্থাপন চলমান রয়েছে। এছাড়া কানাইঘাট উপজেলায় ১২৯৬টি পরিবারের মধ্যে Flood Respond Project এর আওতায় ৪৫০০ টাকা বিতরণ কার্যক্রম শুরু হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইসলামিক রিলিফ বাংলাদেশ
১৬	জনাব মোঃ আজহারুল ইসলাম খান, অফিসার স্পন্সরশিপ, এসওএস শিশু পল্লী বলেন, সিলেট এর অভ্যন্তরে ১১০ জন শিশুর সার্বিক উন্নয়নের লক্ষ্যে পারিবারিক পরিবেশে ভালোবাসা, সম্মান ও নিরাপত্তার মাঝে বড় করে তোলার কার্যক্রম চলমান আছে। এছাড়া সিলেট এর পার্শ্ববর্তী ৩০৫জন সুবিধাবঞ্চিত শিশুর নিয়মিত টিফিন কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	এসওএস শিশু পল্লী
১৭	বিবিধঃ আগামী জুলাই মাসের সভায় “কারিতাস” ও “সৈয়দ নুরুদ্দিন আহমেদ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন” কর্তৃক তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করার বিষয়ে মত প্রকাশ করা হয়।	আগামী সভায় “কারিতাস” ও “সৈয়দ নুরুদ্দিন আহমেদ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন” কর্তৃক তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

সভায় এনজিও ‘বেলা’ ও ‘সেভ দ্যা চিলড্রেন’ তাদের প্রতিষ্ঠানের কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করায় উপস্থিত সকল সদস্য ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



নুরেরী জামান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২১.০৬.০০২.১৮.২৪১

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৫
০২ আগস্ট ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৩) উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০।
- ৪) পুলিশ সুপার, সিলেট
- ৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৬) সিভিল সার্জন, সিলেট
- ৭) উপজেলা চেয়ারম্যান..... (সকল), সিলেট।
- ৮) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (জেলা কার্যালয়), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট
- ৯) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট।
- ১১) উপপরিচালক....., সিলেট।
- ১২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সিলেট
- ১৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট

- ১৪) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ত্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১৫) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট
- ১৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১৭) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
- ১৮) জনাব....., সিলেট।
- ১৯) গোপনীয় সহকারী (অফিস), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ২০) গোপনীয় সহকারী, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট



নুমেরী জামান
জেলা প্রশাসক